Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/১৯৭

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৬ মে ২০২৫

প্রাপক :
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ **অনলাইন বহির্গমন ছাড়পত্র প্রদানের জন্য রিক্রুটিং এজেন্সির (RAIMS)-সফটওয়ারে তথ্য হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্র: বিএমইটির পত্রের স্মারক নং-৪৯.০১.০০০০.০০০.৩১.০৩৫৮.২৪.৪৫৭, তারিখ: ২২ মে ২০২৫ খ্রি. (সংযুক্ত)।

জনাব,
আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ, বিদেশগামী কর্মীদের তথ্য ও ডাটা সংরক্ষণ, বিদেশ গমনেচ্ছু কর্মী ও বিদেশে কর্মী প্রেরণকারী রিক্রুটিং এজেন্সিসমূহকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে শতভাগ অনলাইনে বহির্গমন ছাড়পত্র প্রদানের নতুন সফটওয়ার www.raims.oep.gov.bd বিএমইটি কর্তৃক প্রস্তুত করা হয়েছে। সে লক্ষ্যে Raims সফটওয়ারে মোবাইল নাম্বর এবং ই-মেইল এড্রেস পরিবর্তনে ইচ্ছুক সকল রিক্রুটিং এজেন্ট (স্বত্বাধিকারী/অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক)-কে আগামী ২৯/০৫/২০২৫ তারিখের মধ্যে আবেদন করার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী

সংযুক্তি: ১ পৃষ্ঠা, বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।

অনুলিপিঃ
১। সম্মানিত সভাপতি/মহাসচিব, বায়রা।
২। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৩। অফিস কপি।

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

বায়রা সচিবালয়, ঢাকা		
সম্মানিত সভাপতি/মহাসচিব/ অর্থসচিব/.....		সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/.....		
রিসেপশনিষ্ট		
ডকেট/ডায়েরী নং	603	
তারিখ ও সময়	25/05/25	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা
৮৯/২, কাকরাইল, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৩১.০৩৫৮.২৪.৪৫৭

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: অনলাইনে বহির্গমন ছাড়পত্র প্রদানের জন্য রিক্রুটিং এজেন্সির (Raims)-সফটওয়ারে এ তথ্য হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ, বিদেশগামী কর্মীদের তথ্য ও ভাটা সংরক্ষণ, বিদেশ গমনেচ্ছু কর্মী ও বিদেশে কর্মী প্রেরণকারী রিক্রুটিং এজেন্সিসমূহকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে বিএমইটি কর্তৃক শতভাগ অনলাইনে বহির্গমন ছাড়পত্র প্রদানের কার্যক্রম গৃহীত হয়েছে। এ লক্ষ্যে নতুন সফটওয়ার www.raims.oep.gov.bd প্রস্তুত করা হয়েছে। ইতোপূর্বে যে সকল রিক্রুটিং এজেন্সি Raims সফটওয়ার ব্যবহার করেছেন এবং Raims-এ তথ্য আপডেট করেছেন তারা এখন থেকে উক্ত সফটওয়ার ব্যবহার করে অনলাইনে বহির্গমন ছাড়পত্র গ্রহণে শতভাগ সেবা গ্রহণ করতে পারবেন।

০২। তবে Raims সফটওয়ারে রিক্রুটিং এজেন্সির যে মোবাইল নাম্বার ও ই-মেইল নাম্বার দেয়া আছে, লগ-ইন করতে হলে উক্ত মোবাইল ও ই-মেইলে OTP গ্রহণের মাধ্যমে কার্যক্রম সম্পাদন করতে হবে। যদি কোন রিক্রুটিং এজেন্সি ইতোমধ্যে কোন কারণে ই-মেইল বা মোবাইল নম্বর পরিবর্তন করে থাকে বা যুক্তিসংগত কারণে পুরাতন নাম্বারের পরিবর্তে নতুন নাম্বার সংযুক্ত করতে আগ্রহী হন রিক্রুটিং এজেন্সিকে নিজস্ব দাপ্তরিক প্যাডে মহাপরিচালক,বিএমইটি বরাবর আগামী ২৯/০৫/২০২৫ খ্রি: তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য শীঘ্রই আনুষ্ঠানিকভাবে বিএমইটিতে শতভাগ অনলাইন বহির্গমন ছাড়পত্র প্রদান চালু হবে।

০৩। এমতাবস্থায়, দ্রুত বহির্গমন ছাড়পত্র গ্রহণ সেবা পাওয়ার লক্ষ্যে মোবাইল নাম্বার এবং ই-মেইল এড্রেস পরিবর্তনে ইচ্ছুক সকল রিক্রুটিং এজেন্ট (স্বত্বাধিকারী/অংশীদার/ ব্যবস্থাপনা পরিচালক)-কে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

২২-০৫-২০২৫
মোহাম্মদ আব্দুল হাই, বিপিএএ
অতিরিক্ত মহাপরিচালক

মহাসচিব,
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিসীজ (বায়রা), ঢাকা (বায়রার সদস্যবৃন্দকে অবহিত করার অনুরাধসহ)।

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৩১.০৩৫৮.২৪.৪৫৭/১ (২)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
২। উপপরিচালক, ফোকাল পয়েন্ট, Raims, বিএমইটি, ঢাকা।
৩। স্বত্বাধিকারী/অংশীদার/ ব্যবস্থাপনা পরিচালক, (সকল .....)।
৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি,ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। পরিচালক (বহির্গমন/ কর্মসংস্থান/ প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী,, বিএমইটি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।